এ সময়ের নারী

শোন নারী শোন, আর নয় মৌনতা,
একবিংশ শতাব্দীতে এসছে মুক্তির বারতা।

নারী পুরুষ আজ কাঁধে কাঁধে গড়েছে গোটা বিশ্ব,
কাগজ হাতে কলম ধর থেকো না আর নিঃশ্ব।
কুঁড়িয়ে লউ সব শিক্ষার আলো,
জ্বালিয়ে দাও সব আঁধার কালো।
কুসংস্কারের বাধাঁন ভেঙে গড়ে নাও সমতা ।।

এসেছে সময় ভেদাভেদ ভুলে গড়িতে সবার ঐক্য,
অতীত ভুলে আগামী দিনেও হবো না মতানৈক্য।
জীবনের পথে চল এক সাথে,
মাঠে- গঞ্জে অফিস আদালতে।
হাতে হাতে রেখে এগিয়ে চলো সুর তুল একতা।।

ছোট্ট এ দেশ আমজনতার অর্ধেক যেথায় নারী,
অর্ধেক নরে পারবে কি? উন্নয়ণ করতি তারি?
চল এক বৃন্তে দেশকে গড়ি,
কেটে যাবে আঁধার বিভাবরী।
তবেই সুখের জ্বলবে বাতি থাকবে নাতো দুঃখ গাঁথা।।